



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 2020 সালের শেষ পর্যন্ত বীমাবিহীন ব্যক্তিদের জন্য বিশেষ তালিকাভুক্তি প্রসারিত করার ঘোষণা করলেন

নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ (NY State of Health), অথবা সরাসরি বীমাকারীদের মাধ্যমে কভারেজের জন্য আবেদন করতে পারেন

গ্রাহকরা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের মাধ্যমে, 1-855-355-5777 নম্বরে ফোন করে, অথবা বিনামূল্যে তালিকাভুক্তির সহায়কের সাথে যোগাযোগ করে কভারেজের জন্য আবেদন করতে পারবেন

COVID-19 জগৎস্বাস্থ্যের জরুরী অবস্থার সময় রাজ্য দ্বারা সহায়ক সেবা প্রদান করে যাওয়ার সাথে, গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করলেন যে বীমাহীন নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষ তালিকাভুক্তির সময়সীমা 31 ডিসেম্বর, 2020 পর্যন্ত প্রসারিত হবে। নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বীমা মার্কেটপ্লেস, অথবা সরাসরি বীমাকারীর মাধ্যমে কভারেজের জন্য আবেদন করতে পারেন।

"COVID-19 মহামারী এখনও শেষ হয়নি এবং নিউ ইয়র্কবাসীদের জন্য উচ্চ-মানের, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য বীমায় প্রবেশাধিকার পাওয়া এখন আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেছেন।** "যাদের এই কঠিন সময়ে কভারেজের প্রয়োজন, তাদের সাহায্য করার জন্য নিউ ইয়র্কে সম্পদ উপলব্ধ রয়েছে, এবং যাদের বর্তমানে স্বাস্থ্য বীমা নেই, তাদের নিউ ইয়র্ক স্টেট অফ হেলথে যাওয়া উচিত এবং আজই নিজদের তালিকাভুক্ত করা উচিত।"

নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের নির্বাহী পরিচালক ডনা ফ্রেসকাটোর বলেন, "চলমান জনস্বাস্থ্যের জরুরী অবস্থার কারণে, আগামী বছরের আগে কভারেজে নাম তালিকাভুক্ত করার ক্ষমতা গুরুত্বপূর্ণ। বছরের শেষ পর্যন্ত এই বিশেষ তালিকাভুক্তির সময়সীমার প্রসারণ বার্ষিক উন্মুক্ত তালিকাভুক্তির সময়সীমার সাথে ওভারল্যাপ করবে, যার ফলে গ্রাহকরা 2021 সালেও কভারেজ চালিয়ে যেতে পারবেন। "

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "নিউ ইয়র্কবাসীদের ধন্যবাদ, যাদের জন্য আমরা COVID-19 বক্ররেখা বাঁকতে পেরেছি। তবে, এই চলমান মহামারীর সাথে, নিউ ইয়র্কবাসীদের জন্য উচ্চ-মানের, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য বীমা পাওয়া বিশেষভাবে

গুরুত্বপূর্ণ। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক বছরের শেষ পর্যন্ত এক বিশেষ তালিকাভুক্তির সময়সীমা নির্ধারণ করছে, যা বীমাহীন নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনীয় স্বাস্থ্য কভারেজের জন্য সাইন আপ করার আরেকটি সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ, স্টেট ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS) এবং নিউ ইয়র্ক স্টেট বীমাকারীরা COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার আলোকে এই পদক্ষেপ গ্রহণ করছে যাতে ব্যক্তির খরচের ভয়ে পরীক্ষা বা চিকিৎসা সেবা এড়িয়ে না যায়। যে সকল ব্যক্তি নিয়োগকর্তার কভারেজ হারিয়েছেন তাদের অবশ্যই কভারেজ হারানোর 60 দিনের মধ্যে আবেদন করতে হবে এবং যারা আয় হারিয়েছেন তারা মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান, চাইল্ড হেল্থ প্লাস বা ভর্তুকিয়ুক্ত যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনার জন্য যোগ্য হতে পারেন।

যে সকল ব্যক্তি নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের মাধ্যমে অথবা সরাসরি বীমাকারীদের মাধ্যমে 15 অক্টোবর, 2020 তারিখের মধ্যে কোয়ালিফাইড হেল্থ প্লানে (Qualified Health Plans) তালিকাভুক্ত হবেন, তারা 1 অক্টোবর, 2020 অথবা 1 নভেম্বর 2020 তারিখ থেকে কভারেজ শুরু করার তারিখ বেছে নিতে পারবেন। 16 অক্টোবর থেকে 15 ডিসেম্বর 2020 তারিখের মধ্যে যারা তালিকাভুক্ত হবেন তারা 1 নভেম্বর বা 1 ডিসেম্বর 2020 তারিখে কভারেজ শুরু করার তারিখ বেছে নিতে পারবেন। 16 ডিসেম্বর থেকে 31 ডিসেম্বর 2020 তারিখের মধ্যে যারা তালিকাভুক্ত হবেন তারা 1 জানুয়ারি, 2021 তারিখে কভারেজ শুরু করার তারিখ পাবেন। গুরুত্বপূর্ণভাবে, গ্রাহকরা কভারেজে বিরতি ছাড়াই 2021 সালে একই পরিকল্পনায় তাদের তালিকাভুক্তি অব্যাহত রাখার সুযোগ পাবেন। যে সকল ব্যক্তি অন্যান্য নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ কার্যক্রমগুলির জন্য যোগ্য - মেডিকেইড (Medicaid), এসেনশিয়াল প্ল্যান (Essential Plan) এবং চাইল্ড হেল্থ প্লাস (Child Health Plus) - তারা সারা বছর তালিকাভুক্ত হতে পারবেন। অবশেষে, গভর্নর কুওমোর নির্দেশে, নিউ ইয়র্কের সকল বীমাকারী COVID-19 পরীক্ষার জন্য খরচ শেয়ার করা পরিত্যাগ করেছে।

বরাবরের মতই, গ্রাহকরা নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ-এর মাধ্যমে কভারেজের জন্য, অনলাইনে আবেদন করতে পারবেন nystateofhealth.ny.gov-তে বা 1-855-355-5777 নম্বরে ফোন করে এবং বিনামূল্যে তালিকাভুক্তি সহায়কের সাথে যোগাযোগ করে আবেদন করতে পারবেন।

করোনাভাইরাস জরুরি অবস্থার সময় নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ ইন্স্যুরেন্স বিকল্প সম্পর্কে অতিরিক্ত তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

করোনাভাইরাস জরুরি অবস্থার সময় আর্থিক পরিষেবা দপ্তর সংক্রান্ত তথ্য এবং সম্পদ [এখানে](#) পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)